

2 0 1 4

BENGALI

( Major )

Paper : 5.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) মোহন পণ্ডিতের আসল নাম কী ?
- (খ) 'সারেঙ' গল্পের বয়লারের খালাসির নাম কী ?
- (গ) "বেইমান হলে এইরকমই হয় বটে।" বক্তা কে ?
- (ঘ) 'গাছ' গল্পটি কার লেখা ?
- (ঙ) রায়বাহাদুর সঞ্জয়কে কত টাকা বকশিশ দিয়েছিলেন ?
- (১) দশ টাকা
- (২) বিশ টাকা
- (৩) পঞ্চাশ টাকা
- (৪) একশো টাকা

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(চ) প্রসাদী ডোম মোট কত বছর জেল খেটেছে?

(ছ) স্টিফান হোরোর স্কুলের হেডমাস্টার কে ছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) তম্না ও রিপুনের আসল নাম কী?

(খ) “বুদ্ধিকে তোর বলিহারি। আমি জুতো মসমসিয়ে বেড়াই আর আমাকে পুলিশে ধরুক।” বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(গ) “আর কেন, এ বিমলবাবু? এবার তোমার বুড়িকে পেনসন দাও।” বক্তা কে? তিনি কাকে ‘বুড়ি’ বলেছেন?

(ঘ) “কাল সকালে ঘরের ছেলে-মেয়েগুলিকে সব পাঠিয়ে দেব। মেহেরবানি করে গুলি চালিয়ে শেষ করে দেবেন।” বক্তার নাম লেখো। তিনি কাকে একথা বলেছেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) ‘গোত্রান্তর’ গল্পে নেমিয়ার চরিত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

(খ) “সেই দিন হোরোকে আমরা ভাল করে চিনলাম।” প্রসঙ্গটি বিশদ করো।

- (গ) “ধর্মান্তর, টাকা আমি দিতে পারব না। কিন্তু আমাকে এক মাস জেল না দিয়ে ছ মাস জেল দিন।” ‘ভোটার সাবিত্রীবালা’ গল্পে রিপুন কেন একথা বলেছিল তা স্পষ্ট করো।
- (ঘ) ‘ভারতবর্ষ’ গল্পের মাহাতোবুড়ো চরিত্রটি আলোচনা করো।
- (ঙ) “জীসস্! আমি সত্যি ঘাবড়ে গেছি। এই মেয়েটা আমার বাইবেল ও বিজ্ঞান উল্টে দিয়েছে।” প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘সীমারেখার সীমা’ গল্পের সমাপ্তি কীভাবে হয়েছে আলোচনা করে গল্পটির নামকরণের সার্থকতা নির্দেশ করো।

অথবা

“গাছ চোখ বুজলো। তার ঘুম পেয়েছে। গাছও ঘুমায়। কত রাত দুশ্চিন্তায় সে ঘুমোতে পারেনি।” গাছ দুশ্চিন্তায় ঘুমোতে পারেনি কেন তা ‘গাছ’ গল্পের কাহিনি অবলম্বনে বুঝিয়ে দাও।

- (খ) ‘অযান্ত্রিক’ গল্পে মানুষ ও যন্ত্রের যে বিচিত্র সম্পর্ককাহিনি বর্ণিত হয়েছে তা আলোচনা করো।

অথবা

‘পরশুরামের কুঠার’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

( 4 )

(গ) 'সারেঙ' গল্পের সারেঙ চরিত্রটি আলোচনা করো।

অথবা

'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের স্টিফান হোরোর পরিণতি কতটা বিশ্বাসযোগ্যভাবে চিত্রিত হয়েছে, আলোচনা করো।

\*\*\*